

তারিখ: ২২ ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

ভারতীয় হাই কমিশনারের খুলনা গণহত্যা জাদুঘর পরিদর্শন

আজ ২২ ডিসেম্বর ভারতীয় হাই কমিশনার শ্রীমতী রীতা গাঙ্গুলি দাশ খুলনায় অবস্থিত দক্ষিণ এশিয়ার একমাত্র গণহত্যা আর্কাইভ ও জাদুঘর পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে তাঁর সাথে ভারতীয় একটি প্রতিনিধিদল উপস্থিত ছিলেন।

হাই কমিশনার শ্রীমতী রীতা গাঙ্গুলি গণহত্যা জাদুঘরের প্রতিটি কক্ষ পরিদর্শন করে একাত্তরের গণহত্যার নিদর্শন দেখে আবেগে আপ্ত হয়ে যান। এতো এতো নিদর্শন থাকা সত্ত্বেও পাকিস্তান সেনাবাহিনী কর্তৃক এই ভয়াবহ গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি কেন হয় নি তা নিয়ে বিষয় প্রকাশ করেন। দক্ষিণ এশিয়ার একমাত্র গণহত্যা জাদুঘর হিসেবে গণহত্যার নিদর্শন ও তথ্য-উপাত্ত সংগ্রহে নিরলসভাবে কাজ করে যাওয়ার জন্য তিনি গণহত্যা জাদুঘরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পাশাপাশি ভারতীয় সরকারের পক্ষ থেকে গণহত্যা জাদুঘর ও গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্রকে সকল ধরনের সহযোগিতা প্রদানের আশ্বাসও দেন তিনি।

হাইকমিশনার জাদুঘরে পৌঁছালে গণহত্যা জাদুঘর ট্রাস্টের সভাপতি ড. মুনতাসীর মামুন তাঁকে স্বাগত জানান। হাইকমিশনারের জাদুঘর প্রদর্শনকালে আরো উপস্থিত ছিলেন গণহত্যা জাদুঘর ট্রাস্টি ড. চৌধুরী শহীদ কাদের, ট্রাস্টি শংকর কুমার মল্লিক সহ জাদুঘর ও ভারতীয় দূতাবাসের কর্মকর্তাবৃন্দ।

সংবাদটি আপনার সংবাদপত্রে প্রকাশের জন্যে অনুরোধ করছি।

বার্তা প্রেরক-

ড. চৌধুরী শহীদ কাদের

ট্রাস্টি

১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট

যোগাযোগ: ০১৮১৬২৮৮৬৭৪



১৯৭১ : গণহত্যা-নির্ধাতন আৰ্কাইভ ও জাদুঘর ট্ৰাস্ট

1971 : Genocide-Torture Archive & Museum Trust

২৬, সাউথ সেন্ট্ৰাল ৰোড, খুলনা-৯১০০

অস্থায়ী কাৰ্যালয় : ৪২৪/৬, সোনাডাঙ্গা আ/এ (২য় ফেইজ), খুলনা-৯০০০

মোবাইল নম্বৰ : +৮৮০ ১৮১৬-২৮৮৬৭৪, +০৪১ ৭৩৩৭৮৮

ই-মেইল : archivemuseum1971@gmail.com, ওয়েবসাইট : www.genocidemuseumbd.org